

নর্থ-সাউথ ইউনিভার্সিটির সমাবর্তনে প্রেসিডেন্ট

প্রাইভেট ইউনিভার্সিটির শিক্ষার মান আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডে নেয়ার আহ্বান

যামাদি রিপোর্ট

দেশের প্রাইভেট ইউনিভার্সিটিগুলোর মান আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডে উন্নীত করা এবং শিক্ষাক্ষেত্রে আরো সুযোগ-সুবিধা বাড়ানোর আহ্বান জানিয়েছেন প্রেসিডেন্ট ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ। বাংলাদেশ-চীন মৈত্রী সফেলন কেন্দ্রে গতকাল নর্থ-সাউথ ইউনিভার্সিটির দশম সমাবর্তন অনুষ্ঠানে চ্যান্সেলরের ভাষণে তিনি এ আহ্বান জানান।

প্রেসিডেন্ট বলেন, দেশের প্রাইভেট ইউনিভার্সিটিগুলোতে শিক্ষার অনুকূল পরিবেশ ও মান রক্ষায় ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউজিসি) মনিটরিং ব্যবস্থা জোরদার করবে। তিনি বলেন, প্রাইভেট

পর থেকে দেশে উচ্চ শিক্ষাক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে ইউনিভার্সিটিগুলো। তিনি বলেন, একুশ শতকের বিশ্ব অভ্যন্তর চ্যালেঞ্জিং। আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলো যুগোপযোগী শিক্ষাদানের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে চ্যালেঞ্জ মোকাবেলার জন্য তৈরি করবে। সমাবর্তন অনুষ্ঠানে নর্থ-সাউথ ইউনিভার্সিটির ৫১৮ শিক্ষার্থীর মধ্যে সার্টিফিকেট বিতরণ করা হয়। এর মধ্যে পাচ কৃতী শিক্ষার্থীকে গোল্ড মেডাল দেয়া হয়।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নর্থ-সাউথ ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান রাগীব আলী, বাংলাদেশে নিযুক্ত চায়নিজ অ্যামবাসাডার

চ্যান্সেলর ড. হাফিজ জি এ সিদ্দিকী প্রমুখ। অনুষ্ঠানে চায়নিজ অ্যামবাসাডার চাই কি বলেন, ঐতিহাসিক ও ঐতিহ্যগতভাবে বিশ্বের প্রতিটি দেশ শিক্ষাকে গুরুত্ব দিয়ে আসছে। তিনি বলেন, দুই হাজার বছর আগে চায়নার বড় বড় চিন্তাবিদ, শিক্ষাবিদ, দার্শনিকরা বলতেন, জন্মগতভাবে প্রতিটি মানুষ একই। কিন্তু শিক্ষা ও অভ্যাস একে অন্যের থেকে আলাদাভাবে প্রকাশ করে। তিনি বলেন, শিক্ষা মানুষের জ্ঞান বৃদ্ধি, মূল্যবোধ সৃষ্টি, নতুন ধ্যান-ধারণার জন্য, সচেতনতা, দায়িত্ববোধ ও কার্যকর নাগরিক হিসেবে গড়ে তোলে। তিনি আরো বলেন, বাংলাদেশ স্বাধীনতা লাভের পর শিক্ষাক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি লাভ করেছে বিশেষ করে প্রাথমিক শিক্ষার হার বৃদ্ধি ও উচ্চশিক্ষার ক্ষেত্রে।